

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৫৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২) মুআয্যিনের জবাব দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ, কি বলে আযানের জবাব দিবে ও আযানের পর কি দু'আ পাঠ করবে তার বিবরণ

الترغيب في إجابة المؤذن وبماذا يجيبه وما يقول بعد الأذان

আরবী

(صحيح) عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ قَالَ حِينَ يَسْمَعُ النِّدَاءَ: اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ ، وَالصَّلاَةِ الْقَائِمَةِ ، آتِ مُحَمَّدًا الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ ، وَابْعَتْهُ مَقَامًا مَحْمُودًا الَّذِي وَعَدْتَهُ ، حَلَّتْ لَهُ شَفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ رواه البخاري وأبو داود والترمذي والنسائي وابن ماجه

বাংলা

২৫৩. (সহীহ্) জাবের বিন আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

"যে ব্যাক্তি আযান শুনে এই দু'আ বলবেঃ আল্লাহুম্মা রাব্বা হাযিহিদ্দাওয়াতিত্ তা-ম্মাতি, ওয়াস সালাতিল কাইমাতি, আতি মুহাম্মাদানাল অসীলাতা ওয়াল ফাযীলাহ্, ওয়াব আছহু মাক্কামাম্ মাহমূদানাল্লাযী ওয়াদতাহ্। (অর্থঃ হে আল্লাহ তুমি এই পরিপূর্ণ আহবান ও প্রতিষ্ঠিত সালাতের প্রভু। তুমি দান কর মুহাম্মাদকে অসীলা এবং মর্যাদা এবং তাঁকে পৌঁছাও তোমার প্রশংসিত স্থানে যার ওয়াদা তুমি তাঁকে দিয়েছো।) তবে তার জন্য কিয়ামত দিবসে আমার শাফাআত আবশ্যক হয়ে যাবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৬১৪, মুসলিম, আবু দাউদ ৫২৯, তিরমিয়ী ২১১, নাসাঈ ২/২৭ ও ইবনু মাজাহ্ ৭২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন